



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৪০১০/২৮

তারিখ : ২৮-০২-২০২৪ খ্রি.

বিষয় : কারণ দর্শানো জবাব দাখিল প্রসঙ্গে।

সূত্র : ক) জনাব মোঃ আজাদ শিকদার গং-এর ১৯-০২-২০২৩ খ্রি. তারিখের আবেদন (আইডি নং-২০৭২০)
খ) উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা-এর গত ২৩-১০-২০২৩ খ্রি. তারিখের তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার রূপসা উপজেলাধীন আলাইপুর ইউনাইটেড মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোকাররাম হোসেন-এর বিরুদ্ধে বিদ্যালয়ের আর্থিক অনিয়ম, অদক্ষতা ও অব্যবস্থাপনার বিষয়ে জনাব মোঃ আজাদ শিকদার গং একটি অভিযোগ দাখিল করলে যশোর বোর্ড গত ২০-০৩-২০২৩ খ্রি. তারিখে উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা-কে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করে পত্র প্রদান করেন। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় বর্ণিত বিদ্যালয়ের সভাপতি ভারপ্রাপ্ত প্রধান শিক্ষককে চাপ প্রয়োগ করে চেক বহিতে স্বাক্ষর করিয়ে এডিপির বরাদ্দকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা হতে প্রথম কিস্তির ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকার বিল ভাউচার অনুমোদন না করার প্রমাণ পাওয়া যায়, ২০২২ সালের বার্ষিক পরীক্ষার আদায়কৃত টাকা যথাযথ প্রক্রিয়া অনুসরণ না করার প্রমাণ পাওয়া যায়, দণ্ডরী কর্তৃক বিদ্যালয়ের রক্ষিত সরকারি বই বিক্রির বিষয়ে প্রমাণিত হলেও অভিযুক্তের বিরুদ্ধে আপনি কোন প্রকার ব্যবস্থা গ্রহণ করেননি মর্মে তদন্ত কর্মকর্তা মতামত দাখিল করেছেন।

এমতাবস্থায়, তদন্তকারী কর্মকর্তার সার্বিক মতামতের আলোকে খুলনা জেলার রূপসা উপজেলাধীন আলাইপুর ইউনাইটেড মাধ্যমিক বিদ্যালয়ের চলমান ম্যানেজিং কমিটির সভাপতি পদ হতে কেন আপনাকে অব্যাহতি প্রদান করা হবে না তার জবাব পত্র জারীর ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন নম্বর-০২৪৭৭৭৬২৭০৫

সভাপতি, ম্যানেজিং কমিটি
আলাইপুর ইউনাইটেড মাধ্যমিক বিদ্যালয় (১১৭৩৭১)
আলাইপুর, রূপসা, খুলনা

স্মারক সংখ্যা-বিঅ-৬/৪০১০/২৮(১-৭)

তারিখ : ২৮-০২-২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, খুলনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রূপসা, খুলনা।
- ৫। প্রধান শিক্ষক, আলাইপুর ইউনাইটেড মাধ্যমিক বিদ্যালয়, আলাইপুর, রূপসা, খুলনা।
- ৬। জনাব মোঃ আজাদ শিকদার গং, অভিযোগকারী।
- ৭। সংরক্ষণ নথি।

26/02/2028

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর